



জগন্নাথ বিশ্ববিদ্যালয়
Jagannath University



১৪ আগস্ট-২০১৭, সোমবার, সকাল-১০টায় পরমেশ্বর ভগবান শ্রীকৃষ্ণের জন্মাষ্টমীর আয়োজন উপলক্ষে জগন্নাথ বিশ্ববিদ্যালয়ে কেন্দ্রীয় পূজা কমিটির আলোচনা সভা, র্যালি ও সংস্কৃতিক অনুষ্ঠান বিশ্ববিদ্যালয়ের শহীদ রফিক ভবন প্রাঙ্গনে অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মীজানুর রহমান।

আলোচনা সভায় বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. দীপিকা রানী সরকার এর সভাপতিত্বে বিশেষ অতিথি হিসেবে ট্রেজারার অধ্যাপক মোঃ সেলিম ভূইয়া, বিশেষ বক্তা হিসেবে কেন্দ্রীয় পূজা উদযাপন কমিটির সাধারণ সম্পাদক ও রাষ্ট্রবিজ্ঞান বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. অরুন কুমার গোস্বামী, পুরানো ঢাকাস্থ গৌড়ীয় মঠের দুইজন মহারাজ, জবি শিক্ষক সমিতির সহ-সভাপতি ড. আব্দুল্লাহ আল মাসুদ, শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক ড. মোহাম্মদ আব্দুল বাকী, প্রক্টর ড. নুর মোহাম্মদ ও শিক্ষক ও শিক্ষার্থীবৃন্দ উপস্থিত ছিলেন।

উল্লেখ্য, র্যালিটি বিশ্ববিদ্যালয় থেকে শুরু হয়ে পোগোজ ল্যাবরেটরি স্কুল অ্যান্ড কলেজ, জবি, শাখারী বাজারস্থ ভিকটরিয়া পার্ক ঘুরে ক্যাম্পাস প্রদক্ষিণ করে আলোচনা সভায় অংশ গ্রহণ করে। র্যালি টির নেতৃত্বে দেন উপাচার্য অধ্যাপক ড. মীজানুর রহমান।